ডিএসইতে ২০ মাসের মধ্যে সর্বনিম্ন লেনদেন

গতি ফিরছে না শেয়ারবাজারে। গতকাল ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স শূন্য দশমিক ৯৪ শতাংশ কমে গেছে। নিম্নমুখী ছিল উভয় স্টক এক্সচেঞ্জের প্রতিটি সূচকই। ঢাকার শেয়ারবাজারে কেনাবেচা ২০ মাসের মধ্যে সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। বিনিয়োগকারীদের অংশগ্রহণ কমে যাওয়ায় ডিএসইতে গতকাল লেনদেন নেমে আসে ২৩৬ কোটি ৭৩ লাখ ৮১ হাজার টাকায়, যা ২০১৬ সালের ১০ জুলাইয়ের পর সর্বনিম্ন। কেনাবেচা কমেছে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও (সিএসই)। এক কার্যদিবসের ব্যবধানে সেখানে লেনদেন ২৪ কোটি থেকে ১২ কোটি টাকার ঘরে নেমে এসেছে। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, সপ্তাহের প্রথম কার্যদিবসের কেনাবেচার শুরু থেকেই সূচকে নিম্নমুখী প্রবণতা বিদ্যমান ছিল। দুই দফায় সূচক পতন থামলেও আধাঘণ্টার ব্যবধানে আবার পয়েন্ট হারাতে থাকে সবগুলো সূচক। দিনশেষে ডিএসইতে সবচেয়ে বেশি কমেছে ব্রড ইনডেক্স ডিএসইএক্স। আগের কার্যদিবসের চেয়ে দশমিক ৯৪ শতাংশ বা প্রায় ৫৫ পয়েন্ট কমে ৫ হাজার ৭৭৩ দশমিক ৩৭-এ নেমে এসেছে সূচকটি। ব্লু-চিপ সূচক ডিএস ৩০ আগের দিনের চেয়ে দশমিক ৮২ শতাংশ কমে ২ হাজার ১১৬ পয়েন্টে এবং শরিয়া সূচক ডিএসইএস দশমিক ৬৭ শতাংশ কমে ১ হাজার ৩৬৩ পয়েন্টে নেমে আসে। ডিএসইতে ৫৩টির দরবৃদ্ধির বিপরীতে দিনশেষে দর হারিয়েছে ২৪৬টি কোম্পানি, মিউচুয়াল ফান্ড ও করপোরেট বন্ড এবং অপরিবর্তিত ছিল ৩১টির বাজারদর।http://bonikbarta.net

জাহিন স্পিনিং রাইটের চাঁদাগ্রহণ শুরু ২৯ জুলাই

জাহিন স্পিনিং লিমিটেডের রাইট শেয়ারের চাঁদাগ্রহণ শুরু আগামী ২৯ জুলাই। ২৬ আগস্ট রাইট শেয়ারের চাঁদাগ্রহণ শেষ করবে বস্ত্র খাতের প্রতিষ্ঠানটি। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা গেছে, রাইট শেয়ার বরাদ্দের জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ৫ এপ্রিল। বিদ্যমান একটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি রাইট শেয়ার ইস্যুর অনুমোদন পেয়েছে জাহিন স্পিনিং। ৭ মার্চ ৬৩৩তম কমিশন সভায় এ রাইট প্রস্তাব অনুমোদন করে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। সংগৃহীত অর্থে ব্যবসা সম্প্রসারণের পাশাপাশি চলতি মূলধন জোগান ও আংশিক ঋণ পরিশোধ করবে কোম্পানি। বিএসইসি জানায়, রাইট শেয়ার ইস্যুর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৯৮ কোটি ৫৫ লাখ ২৭ হাজার টাকা উত্তোলন করবে জাহিন স্পিনিং। এজন্য ৯ কোটি ৮৫ লাখ ৫২ হাজার ৭০০টি শেয়ার ১০ টাকা মূল্যে (অভিহিত মূল্যে) বাজারে ছাড়বে কোম্পানিটি।http://bonikbarta.net

নারী উদ্যোক্তার স্টার্টআপে বিডি ভেঞ্চারের বিনিয়োগ

ইন্টারেক্টিভ আর্টিফ্যাক্টে বিনিয়োগ করেছে বিডি ভেঞ্চার লিমিটেড। গতকাল রাজধানীর কারওয়ান বাজারে অবস্থিত জনতা টাওয়ারের সফটওয়্যার টেকনোলজি পার্কে এ বিষয়ে উভয় কোম্পানির মধ্যে একটি বিনিয়োগ চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিডি ভেঞ্চারের চেয়ারম্যান মো. এহসানুল হক ইন্টারেক্টিভ আর্টিফ্যাক্টের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা নুসরাত জাহানের হাতে বিনিয়োগের প্রতীকী ব্ল্যাংক চেক তুলে দেন। তবে বিডি ভেঞ্চার ঠিক কী পরিমাণ বিনিয়োগ করছে, তা কোম্পানির পক্ষ থেকে

গোপন রাখা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে স্টার্টআপ সংস্কৃতি তৈরির উদ্যোগ নিয়েছি আমরা। এ লক্ষ্যে আমরা ইনোভেশন ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ একাডেমি গড়ে তুলেছি। আমরা চাই, বাংলাদেশের সমস্যাগুলো তরুণ উদ্যোক্তারা সমাধান করুক। তিনি আরো বলেন, ডিজিটাল বাংলাদেশ নির্মাণে নারী উদ্যোক্তাদের ভূমিকা অপরিসীম। তবে স্টার্টআপ সংস্কৃতি ও স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে তুলতে তরুণদের ফান্ডিং ও মেন্টরিং দরকার। বাংলাদেশে অনেক দেরিতে হলেও আমরা এখন তা শুরু করেছি। স্টার্টআপ বাংলাদেশের আওতায় আমরা দুই বছর ধরে কাজ করছি। আমাদের প্রথম ১০টি স্টার্টআপের একটি ইন্টারেক্টিভ আর্টিফ্যাক্ট। বিডি ভেঞ্চার কোম্পানিটির সঙ্গে বিনিয়োগ চুক্তি করায় আমি খুবই খুশি।http://bonikbarta.net

আগামীকাল থেকে শেলেটকের আবাসন মেলা

আবাসন নির্মাতা প্রতিষ্ঠান শেলেটক আজ ৩০ বছর পূর্ণ করতে যাচ্ছে। এ উপলক্ষে প্রতিষ্ঠানটি ১৯ দিনব্যাপী বর্ষপূর্তি আবাসন মেলার আয়োজন করছে। রাজধানীর পান্থপথে শেলেটক লাউঞ্জে আগামীকাল মেলাটি শুরু হচ্ছে। গতকাল এ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান শেলেটকের চেয়ারম্যান প্রকৌশলী কুতুবউদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক তৌফিক এম সেরাজ, পরিচালক ড. সামিয়া সেরাজ ও তানভীর আহমেদ। সংবাদ সম্মেলনে জানানো হয়, ৩১ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে। মেলায় রাজধানীর বিভিন্ন এলাকায় শেলেটকের ২৩৬টি ফ্ল্যাট বিক্রি করা হবে। মেলায় ফ্ল্যাট বুকিং দিলেই ক্রেতাদের জন্য থাকছে সর্বোচ্চ ৫ লাখ টাকা মূল্যছাড়। গত ৩০ বছরে ১৬০টি প্রকল্পে মোট ৬৫ লাখ বর্গফুটের সাড়ে তিন হাজার ফ্ল্যাট বিক্রি করেছে শেলেটক। এতে ১৭ হাজার ৫০০ মানুষের আবাসন হয়েছে।http://bonikbarta.net

সিঙ্গাপুরে প্রধানমন্ত্রীর সফরসঙ্গী এফবিসিসিআই প্রতিনিধি দল

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হিসেবে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল গতকাল সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছে। এফবিসিসিআই সভাপতি সফিউল ইসলাম মহিউদ্দিন প্রতিনিধি দলটির নেতৃত্ব দিচ্ছেন। সফরকালে এফবিসিসিআই নেতারা আগামীকাল ‘বাংলাদেশ-সিঙ্গাপুর বিজনেস ফোরাম-২০১৮’-এ অংশ নেবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সিঙ্গাপুরের বাণিজ্য ও শিল্পমন্ত্রী লিন হং কিয়াং অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এফবিসিসিআই সভাপতি ফোরামে ‘বাংলাদেশে অগ্রাধিকারভিত্তিক বিনিয়োগ সুবিধা’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন। এছাড়া ফোরামে ‘বাংলাদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং আউটসোর্সিং সেবা’, ‘অবকাঠামো ও সংশ্লিষ্ট অন্যান্য খাতে ব্যবসার সুযোগ’ এবং ‘দেশের উত্পাদন খাতের সুযোগ ও কারিগরি দক্ষতা উন্নয়ন’ শীর্ষক তিনটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। এফবিসিসিআইর জ্যেষ্ঠ সহসভাপতি শেখ ফজলে ফাহিম আলোচনায় সঞ্চালকের দায়িত্ব পালন করবেন। http://bonikbarta.net

শুল্ক রেয়াতে ইইউকে পাল্টা শর্ত প্রদান ট্রাম্পের

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, তিনি ইউরোপীয় ইউনিয়নের ক্ষেত্রে ইস্পাত ও আমদানি শুল্কের রেয়াত দেবেন, যদি ব্লকটি যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর আরোপ করা বাণিজ্য বাধা স্থগিত রাখে। খবর এএফপি। ট্রাম্প এক টুইট বার্তায় শনিবার বলেন, ‘ইউরোপীয় ইউনিয়ন যারা বাণিজ্যের ব্যাপারে যুক্তরাষ্ট্রের সঙ্গে খুব খারাপ আচরণ করে, তারা ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর আরোপিত শুল্কের ব্যাপারে অভিযোগ করছে। যদি তারা মার্কিন পণ্যের ওপর তাদের আরোপিত শুল্ক ও বাধা বাদ দেয়, তবে

একইভাবে আমরাও বাদ দেব। বড় ঘাটতি যদি না হয়, আমরা গাড়ি ইত্যাদির ওপর কর আরোপ করব না!’

http://bonikbarta.net